## মুজিব বর্ষে কর্মপরিকল্পনা:

- **<u>বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন:</u>**

  (ক) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সহিত উদযাপন এবং শিক্ষক, শিক্ষার্থীদের মধ্যে মহান স্বাধীনতার চেতনার বিকাশ ঘটানোর লক্ষ্যে মুক্তিযুদ্ধ সম্পর্কে নতুন প্রজন্মের জ্ঞানার্জনের লক্ষ্যে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো ব্যানবেইস এর আওতাধীন উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)-এর ১২৩টি কেন্দ্রে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার' স্থাপন করা হয়েছে।

  (খ) ২০২০-২০২১ অর্থ বছরে ব্যানবেইস গ্রন্থাগারে স্থাপিত 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' এর জন্য মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতা বিষয়ক গ্রন্থ সংগ্রহ এবং অমর একুশে কর্নার স্থাপনের লক্ষ্যে ভাষা আন্দোলন, ইতিহাস ও ঐতিহ্যের ও পুস্তক ক্রয় করা হয়েছে।

  (গ) সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে, যেখানে বঙ্গবন্ধুর গুরুত্বপূর্ণ ছবি, ঐতিহাসিক নিদর্শন ও বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সম্পর্কিত বইপত্র সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

- বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন:

  (ক) সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে বঙ্গাবন্ধুর ম্যুরাল স্থাপন করার জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে বিশেষ অনুদান হিসেবে ১০ (দশ) লক্ষ টাকা করে অর্থ বরাদ্দ দেয়া হয়েছে;

  (খ) মুজিব বর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১৯৫২ হতে ১৯৭১ সাল পর্যন্ত সংগ্রামী জীবনের এর উপর দৃষ্টি নন্দন ম্যুরাল চিত্র ব্যানবেইস ভবনের ফটকে স্থাপন করা হয়েছে;

  (গ) মুজিব বর্ষে শিক্ষা ক্ষেত্রে জাতির পিতার অবদানের প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতার স্মারক হিসেবে ব্যানবেইসের ফটকে জাতির পিতার প্রতিকৃতি স্থাপন করা হয়েছে;

  (ঘ) মুজিববর্ষ উপলক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের প্রধান ফটক এবং দিনাজপুর-পঞ্চগড় মহাসড়কের পাশে ১২'×১১' আয়তনের বঙ্গাবন্ধুর পোর্ট্রেট স্থাপন করা হয়েছে।

  (ঙ) শিক্ষা বোর্ডসমূহ স্ব-অর্থায়ানে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ১০০ টি বঙ্গবন্ধু'র ম্যুরাল স্থাপন করেছে।

- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী এবং ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বিএনসিইউ অফিস প্রাঙ্গাণে কিয়োস্কে এবং ওয়েবসাইটে "A Tribute to The Father of The Nation: Bangabandhu Sheikh Mujibur Rahman" শীর্ষক ডকুমেন্টারি প্রচার।

- উপজেলা সদরে অবস্থিত উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রির্সোস সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) ভবনটির নাম জাতির পিতার প্রতি শ্রদ্ধার অংশ হিসেবে ২৬/০৩/২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতিক্রমে "বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন" নামকরণ করা হয়। উক্ত ভবনের সম্মূখে উক্ত নামফলক স্থাপন করা হয়েছে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন এবং বাংলাদেশের ইতিহাস সম্পর্কে জ্ঞানের পরিধিকে আরো বাড়াতে ১০০ দিনব্যাপী (১ ডিসেম্বর ২০২০-১০ মার্চ ২০২০) "বঙ্গবন্ধু শেখ মুজিব কুইজ" প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

- “আমার মুজিব” নামে ১০০ শব্দে লেখা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন: শিক্ষার্থীদের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর দর্শন, আদর্শ ও চেতনার বিস্তার ঘটানোর লক্ষ্যে জাতীয় শোক দিবস ২০২০ এ শ্রদ্ধা জানাতে ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যন্ত ৪ টি পর্যায়ে একশ শব্দে সারাদেশে “আমার মুজিব” নামে রচনাও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সারাদেশে প্রতিটি উপজেলায়/থানা এবং জেলা পর্যায়ে লেখা ও চিত্রাঙ্কন বাছাই করে ৪০০টি লেখা এবং ১০০টি চিত্রাঙ্কন বিশেষজ্ঞ কমিটি কর্তৃক চূড়ান্তভাবে বাছাই করা হয়েছে। সেরা প্রতিযোগীদের লেখা ও ছবির সমন্বয়ে একটি প্রকাশনা শীঘ্রই বের করা হবে। বিজয় দিবস ২০২০ উপলক্ষ্যে “বঙ্গবন্ধু ও আমাদের বিজয়” শিরোনামে জাতীয় পর্যায়ে ৬ষ্ঠ - ১২শ শ্রেণির শিক্ষার্থীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে
- শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাস সবুজায়ন ও পরিবেশের ভারসাম্য রক্ষার্থে এ বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ৪১ লাখ গাছের চারা রোপণ করা হয়েছে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় এবং স্বদেশ প্রত্যাবর্তনের ভাষণ ইশারা ভাষায় ও ব্রেইল পদ্ধতিতে প্রকাশিত হয়েছে, যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২১ ফেব্রুয়ারি ২০২০ তারিখে উদ্বোধন করা হয়েছে।
- এনসিটিবি, NTRCA, ব্যানবেইস, নায়েম, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এ বঙ্গাবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন ১০০টি শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গাবন্ধুর ম্যুরাল স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।
- মুজিব বর্ষ উপলক্ষ্যে ১০০টি শিক্ষা প্রতিষ্ঠানে ১টি করে র‌্যাম্প ও বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী এবং ছাত্রীদের জন্য পৃথক টয়লেট সুবিধা সম্বলিত ভবন নির্মাণের কাজ ৯০% সমাপ্ত হয়েছে।
- বঙ্গাবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিদর্শনপূর্বক বিএনসিও ওয়েবসাইটে এবং অফিস প্রাঙ্গাণে “A Tribute to the Father of The Nation Bangabandhu Sheikh Mujibur Rahman on his Birth Centenary” শিরোনামে KIOSK এ ডকুমেন্টারি প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে।
- জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির অধীন “সেমিনার ওয়াকশপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটির” সভাপতি হিসেবে মাননীয় শিক্ষামন্ত্রী এবং এ কমিটির সদস্য সচিব হিসেবে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ দায়িত্ব পালন করছেন। মাননীয় শিক্ষা উপমন্ত্রী এ উপকমিটির ওয়ার্কিংকমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।
- প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনার আলোকে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন ভাবনা এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়কালে গৃহীত পদক্ষেপের ফলে অর্জিত সাফল্য তুলে ধরার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সমন্বয়ে গঠিত গুচ্ছের লীড হিসেবে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ দায়িত্ব পালন করছেন। আন্তর্জাতিক সেমিনার, গবেষণামূলক প্রবন্ধ, ভিডিও ক্লিপ, বই প্রকাশ ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে এই সাফল্য সংরক্ষণ ও প্রকাশ করা হবে।